দৈনিক ইনকিলাব

তারিখ 0 8-DEC 1992
পৃষ্ঠা 7 কলাম 6

37

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশাল বিক্ষোভ মিছিল

॥ স্টাফ রিপোর্টার ॥

ভারতের অযোধ্যায় বাবরী মসজিদ ভেংগে ফেলার প্রতিবাদে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছাত্রদের একটি বিশাল বিক্ষোভ মিছিল বের হয়। শত শত ছাত্র স্বতস্ফূর্তভাবে এ মিছিলে যোগ দেয়। মিছিলকারীরা "দুনিয়ার মুসলিম এক হও, লড়াই কর, বাবরী মসজিদ ভাঙলো কেন—

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

নরসীমা রাও জবাব চাই, নরসীমা রাও-এর কালো হাত ভেঙে দাও, "গুড়িয়ে দাও" ইত্যাদি শ্লোগান দিতে দিতে ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

মিছিলটি পরে জাতীয় প্রেস ক্লাবের সামনে গিয়ে সমাবেশে মিলিত হয়। সমাবেশে উগ্রপন্থী হিন্দুদের সাম্প্রদায়িক কর্মকাণ্ডে ধর্মনিরপেক্ষতার মুখোশধারী ভারত সরকারের নিষ্ক্রিয়তার তীব্র নিন্দা করা হয়। সমাবেশে বক্তাগণ বাবরী মসজিদ পুনঃ নির্মাণের জন্য ভারত সরকারের প্রতি আহবান জানান। সমাবেশে এমদাদুল হক, ছবিরুল ইসলাম, আহমদ সালাউদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। বক্তাগণ বিশ্বের সকল মুসলমানকে ঐক্যবদ্ধ হবার আহবান জানান।

### গণতান্ত্রিক ছাত্র ঐক্য

ভারতে বাবরী মসজিদ ভেঙে ফেলার প্রতিবাদে এবং বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বানে গতকাল গণতান্ত্রিক ছাত্র ঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল ও অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র নেতা রুহুল কুদ্দুস বাবু, বেলাল চৌধুরী, রুহিন হোসেন প্রিন্স প্রমুখ। বক্তাগণ বলেন, উগ্রপন্থী হিন্দুদের চরম সাম্প্রদায়িক কর্মকাণ্ডের ব্যাপারে নিষ্ক্রিয়তার দায়-দায়িত্ব ভারত সরকারকে বহন করতেই হবে।

### জগন্নাথ হল ছাত্র সংসদ

গতকাল বিকেলে জগন্নাথ হল ছাত্র সংসদ এক সাংবাদিক সম্মেলনে বাবরী মসজিদে হিন্দু মৌলবাদীদের আক্রমণের তীব্র নিন্দা জ্ঞাপন করে বলেছে, ধর্মীয় স্থানের পবিত্রতা নাশের এ ধরনের অশুভ তৎপরতায় যে কোন ধর্মপ্রাণ মানুষের ন্যায় আমরা মর্মাহত ও বিক্ষুব্ধ। সাংবাদিক সম্মেলনে বাবরী মসজিদ রক্ষার ব্যর্থতার জন্য ভারত সরকারের তীব্র সমালোচনা করা হয়। হল ছাত্র সংসদের ভিপি সুভাষ সিং রায়, এজিএস সুজিত রায় নন্দী প্রমুখ এতে বক্তব্য রাখেন।